ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-অধিভুক্তি/২০২৩/১৫৫৯০

তারিখ: ১৪ই মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

দারুল ইসলাম রহমানিয়া কামিল মাদরাসা, ডাকঘর: নরপতি, উপজেলা: চুনারুঘাট, জেলা: হবিগঞ্জ (মাদরাসা কোড: ১৮৮৭০, EIIN: 129411) এর কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি কোর্সে ফিকহ বিভাগে অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪) ক অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ১৭.১১.২০২৫ তারিখ অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১৪শ সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ১৯.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ২২তম সভার সিদ্ধান্ত-০৪ এবং ২০.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪০তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদরাসাকে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি কোর্সে ফিকহ বিভাগে নিম্নবর্ণিত শর্তে ১৭.১১.২০২৫ থেকে ১৬.১১.২০২৯ তারিখ পর্যন্ত আগামী ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হলোঃ

শর্তসমূহ:

১. ফাজিল ও কামিল স্তরে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং শ্রেণী কক্ষে উপস্থিতি নিশ্চিত করতে হবে;
২. লাইব্রেরি আরো বড় কক্ষে স্থানান্তর করে কামিল ফিকহ বিভাগের জন্য ১৫০ খানা রেফারেন্স বই/ কিতাব বৃদ্ধি করতে হবে এবং শিক্ষার্থীদের লাইব্রেরিমুখি করতে হবে;
৩. একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য একটি নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৪. শিক্ষার্থীদের জন্য যথাসম্ভব আবাসনের ব্যবস্থা করতে হবে;
৫. প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৬. ব্যয় ভাউচারে ক্রেতা, বিক্রেতা ও অনুমোদনকারীর স্বাক্ষর নিশ্চিত করতে হবে;
৭. আরবি ও ইংরেজি বিষয়গুলো সংশ্লিষ্ট ভাষায় পাঠদান করতে হবে;
৮. শ্রেণিকক্ষে মূল কিতাব থেকে পাঠদান নিশ্চিত করতে হবে;
৯. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৫/০১/২০২৬
(মোঃ গিয়াস উদ্দীন)
মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
দারুল ইসলাম রহমানিয়া কামিল মাদরাসা
ডাকঘর: নরপতি, উপজেলা: চুনারুঘাট, জেলা: হবিগঞ্জ।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-অধিভুক্তি/২০২৩/১৫৫৯০

তারিখ: ১৪ই মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১;
৩. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইআবি (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৫. সভাপতি, দারুল ইসলাম রহমানিয়া কামিল মাদরাসা, ডাকঘর: নরপতি, উপজেলা:চুনারুঘাট, জেলা: হবিগঞ্জ
৬. অফিস নথি।

২৮/০১/২৬
(মোঃ জাহান উদ্দিন)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইলঃ ০১৭২৪ ৮০৮৫২৪